দৈনিক ইত্তেফাক

তারিখ 19 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# ছাত্রলীগের অবরোধ ॥ ছাত্র শিবিরের ধর্মঘট ॥ চট্টগ্রাম ভার্সিটিতে ক্লাস হইতেছে না

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা আহূত অনির্দিষ্ট কালের জন্য অবরোধ কর্মসূচীর প্রথম দিনে গতকাল (বুধবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কোন ক্লাস অনুষ্ঠিত হয় নাই। একাডেমিক ভবন বন্ধ ছিল। বিশ্ববিদ্যালয় হইতে শহর অভিমুখী এবং শহর হইতে বিশ্ববিদ্যালয় অভিমুখী কোন যান বাহন চলাচল করে নাই। গত মঙ্গলবার ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষের ফলে ছাত্রলীগ অবরোধ কর্মসূচী এবং ছাত্র শিবির ছাত্রধর্মঘট আহ্বান করে।

অবরোধ কর্মসূচীর সমর্থনে ছাত্রলীগ ১নং সড়ক ও ষ্টেশন চত্বরে সকাল হইতে খণ্ড খণ্ড মিছিল বাহির করে। ছাত্র শিবির ক্যাম্পাসেও শাহজালাল হল সম্মুখে ছাত্রধর্মঘটের

( ১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্লাস হইতেছে না

(১ম পৃঃ পর)

সমর্থনে মিছিল ও সমাবেশের আয়োজন করে। বেলা ১টা নাগাদ ছাত্রলীগের একটি মিছিল বিশ্ববিদ্যালয় ১ নং গেইট দিয়া হল অভিমুখে রওয়ানা হইলে হল এলাকা হইতে ছাত্রশিবিরের অপর একটি মিছিল তাহাদের ধাওয়া করে। এসময় উভয় পক্ষে প্রায় ২০টি বোমা ও গুলীর শব্দ শোনা যায়। তবে কেহ হতাহত হয় নাই। এ সময় পুলিশ এক রাউণ্ড টিয়ার সেল নিক্ষেপ করে। ইহাছাড়া ছাত্রলীগ ও ছাত্র শিবির কর্মীরা বিচ্ছিন্নভাবে ক্যাম্পাস ও ১ নং সড়ক মাথায় বিক্ষিপ্ত সংঘর্ষে লিপ্ত হয়।

অনির্দিষ্টকালের অবরোধ কর্মসূচীর প্রথমদিনে বিশ্ববিদ্যালয় ষ্টেশন চত্বরে ছাত্রলীগের উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। মোহাম্মদ শাহজাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মোহাম্মদ কলিম, আল হাছান খান, নুরুল কবীর প্রমুখ। প্রতিবাদ সভায় ছাত্রলীগ নেতৃবৃন্দ আগামী ২৪ ঘন্টার মধ্যে ছাত্রলীগের উপর হামলাকারী শিবিরের সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানায়।

ছাত্রশিবির আহূত ছাত্র ধর্মঘট কর্মসূচীর সমর্থনে ক্যাম্পাসে শাখা সভাপতি জিএম রহিমুল্লার সভাপতিত্বে এক ছাত্র সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তাগণ বলেন, ছাত্রলীগ সারা বাংলাদেশের মত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের রাজত্ব কায়েম করিতে চাহিতেছে। বক্তাগণ অবিলম্বে শিবির নেতা-কর্মীদের উপর হামলাকারী ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতার ও বহিষ্কারের দাবী জানান।